# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 28 June, 2025

শ্রীলঙ্কার বিপক্ষে কলম্বো টেস্ট শেষেই টেস্ট অধিনায়কত্ব ছেড়ে দিলেন নাজমুল হোসেন শান্ত। তার এই সিদ্ধান্তে ক্রিকেট মহলে নানা প্রশ্নের জন্ম হলেও, সেগুলোর আগেই শান্ত নিজেই পরিষ্কার করলেন বিষয়টি। জানালেন, এ সিদ্ধান্ত কোনো ব্যক্তিগত ক্ষোভ নয়, বরং দলের কল্যাণ বিবেচনা করেই।

শনিবার (২৮ জুন) কলম্বোয় এক সংবাদ সম্মেলনে শান্ত বলেন,

"আমি টেস্ট ফরম্যাটের অধিনায়ক হিসেবে আর কন্টিনিউ করতে চাই না। এটা ব্যক্তিগত কোনো কিছু না। দলের ভালোর জন্য এই সিদ্ধান্তটা আমি নিয়েছি। আমি মনে করি এটাতে দলের ভালো কিছুই হবে।"

২০২৩ ওয়ানডে বিশ্বকাপের পর তিন ফরম্যাটেই বাংলাদেশের নেতৃত্বে ছিলেন শান্ত।তবে গত বছরের শেষদিকে টি-টোয়েন্টির নেতৃত্ব ছাড়েন।শ্রীলঙ্কা সফরের আগ মুহূর্তে ওয়ানডে নেতৃত্বও হারান তিনি।এরপরই তিনি ভাবতে শুরু করেন টেস্ট নেতৃত্ব থেকে সরে দাঁড়ানোর বিষয়টি।

তিন অধিনায়কের বিপক্ষে অবস্থান

শান্তর মতে, তিন ফরম্যাটে তিনজন আলাদা অধিনায়ক ড্রেসিংরুমের ভারসাম্য নষ্ট করতে পারে। তিনি বলেন,

"এই ড্রেসিংরুমটাতে অনেক দিন ধরে থাকার সুযোগ হয়েছে। আমি মনে করি না তিন

ফরম্যাটের তিন অধিনায়ক থাকা উচিত। এটা আমার ব্যক্তিগত মতামত, যদিও বোর্ডের আলাদা দৃষ্টিভঙ্গি থাকতে পারে। সেটা আমি সম্মান করি।"

ব্যক্তিগত ক্ষোভ নয়

টেস্ট অধিনায়কত্ব ছাড়ার পেছনে কোনো হতাশা বা ক্ষোভ নেই বলেও জানান শান্ত। তিনি বলেন,

"আমি আশা করি কেউ যেন এটা মনে না করেন যে মন খারাপ বা রাগ থেকে আমি এ সিদ্ধান্ত নিয়েছি।এটা সম্পূর্ণভাবে দলের ভালোর জন্য।"

শান্তর অধিনায়কত্বে পরিসংখ্যান

নাজমুল হোসেন শান্তর অধীনে বাংলাদেশ টেস্ট খেলেছে ১৪টি, যার মধ্যে জয় এসেছে ৪টিতে—নিউজিল্যান্ড, পাকিস্তান ও জিম্বাবুয়ের বিপক্ষে। অন্যদিকে ওয়ানডে ফরম্যাটে ১৩ ম্যাচের মধ্যে জয় এসেছে মাত্র ৪টিতে।

কলম্বো টেস্ট শ্রীলঙ্কা নাজমুল হোসেন শান্ত ক্রিকেট

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 20 July, 2025 01:50

URL: https://timestodaybd.com/public/sports/9407403835